সংবাদ

তারিখ: 25 JAN 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# সাতক্ষীরার কুখরালি প্রা. স্কুলের ৬ শিক্ষকের ৪ জনই ছুটিতে

প্রতিনিধি, সাতক্ষীরা

সাতক্ষীরা শহরের কুখরালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছয় শিক্ষক-শিক্ষিকা থাকলেও কর্মস্থলে নেই তারা। ফলে আড়াই শতাধিক শিক্ষার্থীর এ স্কুলের লেখাপড়ায়ও ধস নেমেছে। খোঁজ নিয়ে জানা গেছে কুখরালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কাগজেকলমে রয়েছেন ছয়জন শিক্ষক শিক্ষিকা। এ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মনিরা খাতুন ২০১৬ এর এপ্রিল থেকে একই বছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত মাতৃত্বকালীন ছুটি ভোগ করেন। এর পর মাত্র কয়েকদিন স্কুলে এসে তিনি ফের এক মাস পর ২৭ অক্টোবর থেকে ৩০ জানুয়ারি পর্যন্ত মেডিকেল ছুটিতে রয়েছেন। প্রশ্ন উঠেছে মাতৃত্বকালীন ছুটি ভোগের পর মেডিকেল ছুটি পান কিনা তা নিয়ে। বিদ্যালয়ের আরেক সহকারি শিক্ষক মো: মোস্তফা ২০০৭ সালের ২৩ জুলাই যোগদান করেন। এ প্রসঙ্গে সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার আবদুল্লাহেল আসলাম হোসেন বলেন 'মাঝে মধ্যে দুই একদিন তাকে অফিসে ডাকা হয়ে থাকে। তাই বলে